



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/পিএন্ডডি/২০১৭-১৮/১৪

তারিখ : ২৭/০৭/২০১৭ খ্রিঃ

ভবন নিলাম বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর যন্ত্রকৌশল বিভাগের একটি পুরাতন ২-তলা বিশিষ্ট ভবন (ভবনের ভিতরের বহনযোগ্য যাবতীয় মালামাল ব্যতীত) নিলামের মাধ্যমে সিডিউলে বর্ণিত শর্তানুযায়ী ভাঙ্গা ও উহার যাবতীয় মালামাল নিলাম বিক্রয় ও অপসারণের লক্ষ্যে উক্ত কাজে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/কোম্পানীর নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলাম দরপত্রের সিডিউল মূল্য বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) বিশ্ববিদ্যালয়ের চলতি হিসাব নং-STD-1, অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখায় জমাদান সাপেক্ষে আগামী ৩০/০৭/২০১৭ খ্রিঃ হতে ২২/০৮/২০১৭ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার অফিস হতে সিডিউল সংগ্রহ করা যাবে। আগামী ২৩/০৮/২০১৭ খ্রিঃ দুপুর ১২.০০ পর্যন্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিসে রক্ষিত নির্ধারিত ১ নং বাক্সে এবং জেলা প্রশাসক, গাজীপুর-এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত ২ নং বাক্সে সীলমোহরকৃত খামে দরপত্র জমাদান করা যাবে। ২৩/০৮/২০১৭ খ্রিঃ দুপুর ১২.৩০ ঘটিকায় পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিস কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম দরপত্র খোলা হবে।

(অধ্যাপক ড. মোঃ শওকত ওসমান)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/পিএন্ডডি/২০১৭-১৮/১৪

তারিখ : ২৭/০৭/২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। এপিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার।
- ৩। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান।
- ৪। সভাপতি/সদস্য-সচিব, নিলাম কমিটি।
- ৫। পরিচালক (কম্পিউটার সেন্টার), বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে।
- ৬। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস।
- ৭। নিরাপত্তা কর্মকর্তা।
- ৮। সকল নোটিশ বোর্ড।
- ৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(প্রকৌশলী মোঃ আবদুল কাদির)
উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)